

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২০৫-আইন/২০২৪/৫৭/কাস্টমস।— সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ৪১ এর উপ-ধারা (২), ধারা ৪৬ এর উপ-ধারা (৩) এবং দ্বিতীয় তফসিলের ক্রমিক নং (৪৮) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। শিরোনাম ও প্রবর্তন।— (১) এই বিধিমালা কাস্টমস গ্যারান্টি বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) কাস্টমস আইন, ২০২৩ কার্যকর হইবার সঙ্গে সঙ্গে এই বিধিমালা প্রণয়ন করা প্রয়োজন বিধায়, ইহা ৬ জুন, ২০২৪ তারিখে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।— (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

- (ক) “আইন” অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন);
- (খ) “আমদানিকারক” অর্থ আইনের ধারা ২ এর দফা (৩) এ সংজ্ঞায়িত আমদানিকারক;
- (গ) “রপ্তানিকারক” অর্থ আইনের ধারা ২ এর দফা (৪৫) এ সংজ্ঞায়িত রপ্তানিকারক।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। কাস্টমস গ্যারান্টির প্রযোজ্যতা।— যে সকল ক্ষেত্রে এই আইন ও আইনের অধীন প্রণীত বিধি-বিধানে গ্যারান্টি গ্রহণের বিধান রাখা হইয়াছে কেবল সেই সকল ক্ষেত্রে কাস্টমস গ্যারান্টির ব্যবহার প্রযোজ্য হইবে।

৪। **কাস্টমস গ্যারান্টি**— আইনের যে সকল ধারায় ব্যাংক গ্যারান্টি গ্রহণের বাধ্যবাধকতা রহিয়াছে সেই সকল ক্ষেত্রে এবং আইনের ধারা ৯৩ এর অধীন কোনো পণ্যচালান সাময়িক শুল্কায়ন ও ছাড়করণের উদ্দেশ্যে পরিশিষ্ট মোতাবেক নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি গ্রহণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, বোর্ড বিশেষ বিবেচনায় যৌক্তিক কারণ উল্লেখপূর্বক, কোনো সুনির্দিষ্ট পণ্য চালানের ক্ষেত্রে ব্যাংক গ্যারান্টি গ্রহণের পরিবর্তে অন্য কোনো কাস্টমস গ্যারান্টি গ্রহণের নির্দেশনা প্রদান করিতে পারিবে।

৫। **সমন্বিত গ্যারান্টি**।— আইনের ধারা ৪৩ এর আওতায় সমন্বিত গ্যারান্টি গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিধান অনুসরণীয় হইবে, যথা:-

- (ক) অথরাইজড ইকোনোমিক অপারেটরের মর্যাদাপ্রাপ্ত প্রতিষ্ঠান, সরকারি প্রতিষ্ঠান ও বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত কোনো প্রতিষ্ঠান এবং ট্রানজিট/ট্রান্সশিপমেন্টের ক্ষেত্রে সমন্বিত গ্যারান্টি গ্রহণ করা যাইবে;
- (খ) যে সকল পণ্যচালানের জন্য ব্যাংক গ্যারান্টি গ্রহণের আবশ্যিকতা রহিয়াছে সেই সকল পণ্যচালানের জন্য সমন্বিত গ্যারান্টি গ্রহণ করিবার ক্ষেত্রে সমন্বিত গ্যারান্টি হিসাবে ব্যাংক গ্যারান্টি গ্রহণ করিতে হইবে, সমন্বিত গ্যারান্টির মূল্য পণ্যচালানসমূহ সংশ্লিষ্ট শুল্ক ও কর এবং অন্যান্য চার্জ অপেক্ষা কম হইবে না;
- (গ) একাধিক প্রকারের গ্যারান্টি প্রযোজ্য হয় এইরূপ দুই বা ততোধিক কার্যক্রম, ঘোষণা বা কাস্টমস পদ্ধতির ক্ষেত্রে সমন্বিত গ্যারান্টি গ্রহণ করা যাইবে না।

৬। **গ্যারান্টি অবমুক্তকরণ**।- বিধি ৪ বা আইনের আওতায় গ্রহণকৃত কাস্টমস গ্যারান্টিতে বিধৃত শর্তাদি পরিপালিত হইলে এবং প্রযোজ্য শুল্ক ও কর, চার্জ, ফি, ক্ষেত্রমত, সুদ ও জরিমানা, এবং অন্যান্য চার্জ নির্দিষ্ট মেয়াদের মধ্যে পরিশোধিত হইলে উক্ত কাস্টমস গ্যারান্টি অবমুক্ত করা যাইবে।

পরিশিষ্ট

[বিধি ৪ দ্রষ্টব্য]

ব্যাংক গ্যারান্টি

ব্যাংক গ্যারান্টি নং- তারিখ : খ্রিষ্টাব্দ।

টাকার পরিমাণ: (কথায়:)।

বরাবর

.....

..... !

সূত্র :

বিষয়: আমদানিকারক/রপ্তানিকারক কর্তৃক

কমিশনার অব কাস্টমস, এর বরাবর

(... ..) টাকা নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি দাখিল প্রসঙ্গে।

ব্যাংক গ্যারান্টিদাতা

আমদানিকারক/রপ্তানিকারক এর নাম :

ঠিকানা :

BIN :

ব্যাংক গ্যারান্টিগ্রহীতা

কমিশনার অব কাস্টমস,

ব্যাংক গ্যারান্টির প্রকৃতি : নিঃশর্ত ও অব্যাহত (Unconditional & Continuous)

ব্যাংকের নাম ও ঠিকানা :

পণ্যচালানের বিবরণ

আমদানিকারক/রপ্তানিকারক এর নাম :

পণ্য ঘোষণা নং : সি তারিখ: খ্রিষ্টাব্দ।

এলসি নং :

BL/AWB/Truck/Rail Receipt :

ইনভয়েস নং :

সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের :

পালা নং ও জাহাজের নাম :

প্রিয় মহোদয়,

আমদানিকারক/রপ্তানিকারক (নাম, ঠিকানা ও BIN-সহ) কর্তৃক
আমদানিকৃত/রপ্তানিকৃত পণ্যের ছাড়করণের লক্ষ্যে দাখিলকৃত পণ্য ঘোষণা নং সি-
..... তারিখ: স্থিষ্টাব্দ কমিশনার অব কাস্টমস,
..... কর্তৃক শুদ্ধায়নের পর পরিশোধযোগ্য শুল্ক ও কর এবং অন্যান্য চার্জ বাবদ
রাজস্বের পরিমাণ দাঁড়ায় (.....)
টাকা। কমিশনার অব কাস্টমস কর্তৃক কারণে উক্ত
পরিশোধযোগ্য রাজস্ব তাৎক্ষণিক পরিশোধ ব্যতিরেকে নিঃশর্ত ও অব্যাহত (Unconditional &
Continuous) দাখিলের শর্তে আমদানিকারক/রপ্তানিকারক এর অনুকূলে ছাড় প্রদানের সিদ্ধান্ত
প্রদান করা হয়।

এতদ্বারা আমরা (ব্যাংকের নাম ও ঠিকানা) এই
মর্মে নিশ্চয়তা প্রদান করিতেছি যে, আমদানিকারক/রপ্তানিকারক এর পক্ষে বর্ণিত পণ্যচালান
সংশ্লিষ্ট শুল্ক ও কর এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য চার্জ বাবদ রাজস্ব (.....
.....) টাকা কমিশনার অব কাস্টমস,
..... কে আমদানিকারক/রপ্তানিকারক এর সহিত কোনো
প্রকার যোগাযোগ না করিয়া বিনা শর্তে পরিশোধ করিতে বাধ্য থাকিব।

কমিশনার অব কাস্টমস, এর অনুরোধের প্রেক্ষিতে
কোনো কারণে/অজুহাতে তাহার অনুকূলে আলোচ্য ব্যাংক গ্যারান্টি নগদায়নে (encashment) অত্র
ব্যাংক ব্যর্থ হইলে ব্যাংক কর্তৃপক্ষ দায়ী থাকিবে এবং তৎজন্য কাস্টমস কর্তৃপক্ষ ব্যাংক কর্তৃপক্ষের
বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

আমদানিকারক/রপ্তানিকারকের স্বাক্ষর:	ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর:
তারিখ:	তারিখ:
আমদানিকারক/রপ্তানিকারকের নাম:	ব্যাংক কর্মকর্তার নাম:
ঠিকানা:	পদবি:
BIN:	ব্যাংকের নাম:
	শাখা:
	পরিচিতি নম্বর:

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।